



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

তারিখ : ০২/০২/২০১৯ খ্রি:

১. নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের যথাযথভাবে চিহ্নিত করে শিক্ষাবর্ষ অনুযায়ী পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র বিতরণ করতে হবে। কোন ধরনের ব্যত্যয় ঘটলে তার দায়ভার কেন্দ্র সচিবকে বহন করতে হবে।
২. কোন কারণে পরীক্ষা আরম্ভ হতে বিলম্ব হলে অবশিষ্ট সময়ের সাথে বিলম্ব সময় যোগ করে পূর্ণ সময় পরীক্ষার্থীদের প্রদান করতে হবে। বিষয়টি তাৎক্ষনিকভাবে শিক্ষা বোর্ড কে অবহিত করতে হবে।
৩. কোন পরীক্ষার্থী পরীক্ষা চলাকালীন সময়ে ২ ঘন্টার মধ্যে পরীক্ষা শেষ করে কক্ষ ত্যাগ করতে পারবে না। যদি বিশেষ কারণে পরীক্ষা শেষ করে কক্ষ ত্যাগ করতে চায় তাহলে প্রশ্ন নিয়ে যেতে পারবে না। পরীক্ষা শেষে প্রশ্নপত্রটি তাকে দেয়া যেতে পারে।
৪. কোন প্রকার মোবাইল ফোন নিয়ে কক্ষ পরিদর্শক কিংবা পরীক্ষা সংশ্লিষ্ট অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। কেন্দ্র সচিব একটি সাধারণ মোবাইল ফোন ব্যবহার করতে পারবে যা দিয়ে ছবি তোলা যায় না।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

কেন্দ্র সচিব

এ বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা- ২০১৯ কেন্দ্র